

আকেলপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

আকেলপুর (জয়পুরহাট) সংবাদদাতা

জয়পুরহাটের আকেলপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জুলফিকার আলী শাহর বিরুদ্ধে দুর্নীতি, অসদাচরণসহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে। উপজেলার সাতটি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ওই কর্মকর্তার বিচার চেয়ে ইউএনওর কাছে অভিযোগ করেছেন।

জনা যায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০০৪ সালের ১৩ জুলাই আকেলপুরে যোগদান করেন। যোগদানের পর থেকেই তিনি শিক্ষক নিয়োগ, অনুপস্থিত শিক্ষার্থীদের উপস্থিতি, বই বিতরণে অনিয়ম করে, বিভিন্ন পর্যায় মাধ্যমিক বিন্যাসের শিক্ষকদের কক্ষ থেকে দুধ আদায় করে আসছেন।

অভিযোগকারী মোশাম্মি উল্লেখ করেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জুলফিকার আলী শাহ একেবারে দুর্নীতিবাজ। তিনি বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ করেছেন।

তারা বিচার হওয়া দরকার। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জুলফিকার আলী শাহের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ করেছেন।

শাহ বলেন, আমার বিরুদ্ধে অভিযোগ সত্য নয়। আমি কিছু নয় বরং ধরে সুনামের সঙ্গে এই উপজেলায় কর্মরত আছি। একটি মতল আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে।

ইউএনও সাখাওয়াত হোসেন বলেন, উপজেলা শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে একটি অভিযোগ পেয়েছি। তদন্ত করে সত্যতা পাওয়া গেলে ব্যবস্থা নেয়া হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জুলফিকার আলী শাহ ১৯৯৪ সালের ৩০ অক্টোবর টিপিও হিসেবে ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জে প্রথম চাকরিতে যোগদান করেন। তারপর তিনি দিনাজপুর জেলার কবিল উপজেলায় ৫ মাস ১৫ দিন, পঞ্চাঙ্গ জেলার দেবীগঞ্জে উপজেলায় তিন বছর, বুলনা জেলার কয়রা উপজেলায় ১ মাস ১৪ দিন, জয়পুরহাট সপ্তরে ১১ মাস ৪ দিন এবং কিশোরগঞ্জের ইটনা উপজেলায় ২ মাস ২৪ দিন কর্মরত ছিলেন। এরপর তিনি প্রায় ৯ বছর ধরে আকেলপুর উপজেলায় কর্মরত আছেন।